



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ১০১

আগামীকাল রাজশাহী সফরে আসছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৯ অগ্রহায়ণ (২৪ নভেম্বর):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি দুই দিনের সরকারি সফরে আগামীকাল শুক্রবার (২৫ নভেম্বর) রাজশাহী আসবেন। শুক্রবার সকাল নয়টায় তিনি সড়কপথে ঢাকা হতে রাজশাহীর উদ্দেশ্যে রওনা হবেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শুক্রবার বিকাল তিনটায় বাঘা পৌরসভা আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

শনিবার (২৬ নভেম্বর) মোঃ শাহরিয়ার আলম সকাল এগারোটায় বাঘা উপজেলা প্রশাসনের আয়োজনে চক রাজাপুর ইউনিয়নের নদী ভাঙনে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণ তহবিলের অনুদানের চেক বিতরণ করবেন। সকাল বারোটায় তিনি বাঘা এলজিইডি এর আয়োজনে সোনাদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন এবং সাড়ে বারোটায় আড়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করবেন।

বিকাল তিনটায় বাঘা হিন্দু ধর্মীয় কল্যাণট্রাস্ট কর্তৃক বাঘা উপজেলার মন্দির-শশ্মানের উন্নয়নমূলক কাজের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিকাল পাঁচটায় বাঘার বাউসা ইউনিয়ন আওয়ামী লীগের নবনির্মিত নিজস্ব কার্যালয়ের উদ্বোধন করবেন।

ওই দিন সন্ধ্যা ছয়টায় প্রতিমন্ত্রী সড়কপথে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/১৫:৩০ ঘ.